

স্মারক নং-০৫.৪৪.৬৫০০.১০১.০২০.২৪.২৪-৮৩

তারিখ : ০৯ এপ্রিল ২০২৪

বিষয় : নড়াইল সদর ও লোহাগড়া উপজেলা পরিষদ (৬ষ্ঠ উপজেলা পরিষদ) নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার
নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ প্রসংগে।

সূত্র : ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৪.২৪-১৪৭ ; তারিখঃ ০২ এপ্রিল ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল সদর ও লোহাগড়া উপজেলা পরিষদ (৬ষ্ঠ উপজেলা পরিষদ) নির্বাচন আগামী ২১ মে ২০২৪ তারিখ ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষ্যে উপজেলা পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা, ২০১৬ এর ৫ (১) অনুসারে 'কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা ও প্রতিষ্ঠান উপজেলা পরিষদ নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০১৩ এর বিধি ২২ এর অধীন প্রতীক বরাদ্দের পূর্বে জনসংযোগ এবং ডিজিটাল বা সামাজিক যোগাযোগের মাধ্যমে নির্বাচনি প্রচার ব্যতীত, অন্য কোন প্রকারের নির্বাচনি প্রচার শুরু করিতে পরিবেন না'। নির্বাচনি এলাকায় সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, লিফলেট, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘেরা, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী এবং নির্বাচনি ক্যাম্প থাকলে সেগুলো সংশ্লিষ্ট ব্যক্তিগণকে নিজ খরচে আগামী ১৫ এপ্রিল ২০২৪ তারিখ রাত ১২.০০ টার পূর্বে অপসারণ করার নির্দেশনাসহ অনুরোধ জানানো হলো। (২) উপ বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন প্রার্থী ৫ (পাঁচ) জনের অধিক কর্মী বা সমর্থককে সংগে লইয়া জনসংযোগ করিতে পরিবেন না, এবং উক্তরূপ জনসংযোগকে কোনভাবে পথসভা, মিছিল বা জনসভায় রূপান্তর করা যাইবে না।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

শাশ্বতী শীল

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল

ও

রিটার্নিং অফিসার

নড়াইল সদর ও লোহাগড়া উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

ফোন : ০২-৪৭৭৭৭৩৫৯৬

মোবাইল: ০১৩২৪-১৭৯৩৭৭

adcgnarail@mopa.gov.bd

প্রাপক:

.....
.....

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.১০১.০২০.২৪-৮৩

তারিখঃ ০৯ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, নড়াইল
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
- ০৪। পুলিশ সুপার, নড়াইল
- ০৫। জেলা নির্বাচন অফিসার, নড়াইল
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, নড়াইল সদর/লোহাগড়া, নড়াইল [নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ০৭। উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর/লোহাগড়া, নড়াইল
- ০৮। অফিসার ইনচার্জ, নড়াইল সদর থানা/লোহাগড়া থানা, নড়াইল
- ০৯। অফিস কপি

০৯/০৪/২০২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল

ও

রিটার্নিং অফিসার

নড়াইল সদর ও লোহাগড়া উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪